

# Joint Press Release- 7th Round of India-Bangladesh Joint Consultative Commission

June 19, 2022

## সপ্তম দফার ভার-বাংলাদেশ জয়েন্ট কনসালটিভ কমিশনের প্রেস বিজ্ঞপ্তি

জুন 19,2022

সপ্তম দফার ভারত-বাংলাদেশ জয়েন্ট কনসালটিভ কমিশন (জেসিসি) 19শে জুন 2022-এ নিউ দিল্লিতে অনুষ্ঠিত হয়েছে। জেসিসিতে যুগ্ম সভাপতিত্ব করেছেন ভারতের বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শংকর এবং বাংলাদেশের বিদেশমন্ত্রী সাংসদ ডঃ এ কে আবদুল মোমেন।

2. বাংলাদেশের 1971 সালের মুক্তিযুদ্ধে যৌথ আত্মত্যাগের ফলে উভয়পক্ষের উষ্ণতা বন্টনের কথা মন্ত্রীরা স্মরণ করেন, যা কৌশলগত অংশীদারিত্বের ঐতিহ্যগত ধারণাকে অতিক্রম করে ঘনিষ্ঠ ঐতিহাসিক এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক তৈরি করেছে।

3. মন্ত্রীরা 2021 সালে যৌথ ভাবে তিনটি যুগারমূলক ঘটনা- বঙ্গবন্ধু মুজিবর রহমানের জন্মশতবার্ষিকী; বাংলাদেশের স্বাধীনতার পঞ্চাশ বছর পূর্তি এবং ভারত-বাংলাদেশ কূটনৈতিক সম্পর্কের স্বর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে ভারতের রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী উভয়ের অভূতপূর্ব বাংলাদেশ সফরের মাধ্যমে দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও শক্তিশালী করাকে স্বাগত জানিয়েছেন।

4. দ্বিপাক্ষিক এবং আঞ্চলিক সহযোগিতার একটি রোল মডেল, মন্ত্রীরা প্রশংসা করেছেন যে, দুই দেশের মধ্যে বিশ্বাস এবং পারস্পরিক মান্যতা গতদশকেই শক্তিশালী হয়েছে। এর একটি সাম্প্রতিকতম সাক্ষ্য ছিল 2022 সালে মে মাসে কান চলচিত্র উৎসবে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের উপরে যৌথভাবে নির্মিত বায়োপিক 'মুজিব- মেকিং অব আ নেশন'-এর ট্রেলার লঞ্চ করা।

5. কোভিড-19 শুরু হবার পর থেকে এটাই প্রথম ব্যক্তিগতভাবে প্রথম জেসিসি বৈঠক যার পূর্ববর্তী সংস্করণটি ভারচুয়ালি 2020-তে অনুষ্ঠিত হয়েছিল, সে কথা উল্লেখ করে দুইমন্ত্রী উভয় দেশের যৌথভাবে কোভিড-19 -এর বিরুদ্ধে লড়াইয়ের প্রশংসা করেছেন। দুই মন্ত্রী, 2021 সালে রাষ্ট্রপতি শ্রী রামনাথ কোভিন্দের সফরকালে এবং 2021 সালে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সফরকালে, 2020 সালে দুই দেশের প্রধানমন্ত্রীর ভারচুয়াল শীর্ষ সম্মেলনে সেই সাথে 2020সালের সেপ্টেম্বর মাসে জেসিসি-র ভারচুয়াল বৈঠকে গৃহীত সিদ্ধান্তগুলির বাস্তবায়ন সহ সকল ক্ষেত্রে জারি থাকা সহযোগিতার পর্যালোচনা করেছেন।

6 কোভিড-19 অতিমারির প্রতিবন্ধকতা সত্ত্বেও উভয় দেশ আগের থেকেও বেশী পরিমাণে সর্বক্ষেত্রে , সুরক্ষা ও সীমান্ত পরিচালনা থেকে শুরু করে পারস্পরিক উপযোগী বাণিজ্য ও বিনিয়োগের প্রবাহে ও সেই সাথে বর্ধিত দ্বিপাক্ষিক এবং উপ-আঞ্চলিক মাল্টিমডাল সংযোগ,

বৃহত্তর শক্তি ও শক্তি সহযোগিতা, সাংস্কৃতিক এবং জনগণের সাথে জনগণের ঘনিষ্ঠ সংযোগ ক্ষেত্রে নিবিড়ভাবে কাজ করেছে, দুই মন্ত্রী তার প্রশংসা করেছেন। অভিন্ন নদী ও জল সম্পদ পরিচালনা, আইটি এবং সাইবার নিরাপত্তা, পুনর্নবীকরণ শক্তি, কৃষি এবং খাদ্য সুরক্ষা, স্থিতিশীল বাণিজ্য, জলবায়ু পরিবর্তন এবং বিপর্যয় মোকাবিলায় ক্ষেত্রে সহযোগিতাকে আরও গভীর এবং শক্তিশালী করার জন্য ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য দুই মন্ত্রী সম্মত হয়েছেন।

7. দুই মন্ত্রী, উচ্চপর্যায়ের সফরের অতিরিক্ত বিভিন্ন দ্বিপাক্ষিক কর্মপ্রক্রিয়ার মাধ্যমে নিবিড় সম্পৃক্ততার প্রশংসা জ্ঞাপন করেছেন এবং নতুন উদ্যম ও নিয়মিততার সাথে অংশীদারিত্বনির্মাণে প্রচেষ্টাকে আরও বৃদ্ধি করার জন্য সম্মত হয়েছেন। এই পরিপ্রেক্ষিতে, উভয় মন্ত্রী তাদের আধিকারিকদের উপরে, উভয় দেশের নাগরিকদের পারস্পরিক উপযোগিতার জন্য আরো মনযোগের সাহায্যে বিভিন্ন সমস্যা সমাধানে টেকসই সমাধান খোঁজা এবং সহযোগিতার গতি বৃদ্ধি করার কাজের ভার দিয়েছেন।

8. উভয়পক্ষ, বর্তমানে বাংলাদেশে ঠাই নেওয়া মায়ানমারের রাখাইন রাজ্য থেকে বলপূর্বক উৎখাত হওয়া জনগণকে নিরাপদ, দ্রুত ও স্থিতিশীলভাবে ফেরত পাঠাবার গুরুত্বের কথা পুনর্ব্যক্ত করেছেন।

9. দুই দেশের মধ্যে অসাধারণ দ্বিপাক্ষিক সম্পর্ককে স্বীকৃতি দিয়ে উভয় মন্ত্রী নেতাদের সিদ্ধান্তের দ্রুত বাস্তবায়ন এবং দ্বিপাক্ষিক সহযোগিতার সকল ক্ষেত্রে পারস্পরিক সম্পৃক্ততাকে আরও গভীর ও মজবুত করার জন্য ঘনিষ্ঠ সহযোগিতার গুরুত্বের কথা পুনরায় ব্যক্ত করেছেন।

10. দিল্লিতে তার সফরকালে, বিদেশমন্ত্রী মোমেন উপ রাষ্ট্রপতি ও ভারত সরকারের অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথে সৌজন্য সাক্ষাৎ করবেন।

11. সম্মত হওয়া গেছে যে অষ্টম দফার ভারত-বাংলাদেশ জেসিসি 2023 সালে বাংলাদেশে অনুষ্ঠিত হবে।

নিউ দিল্লি

জুন 19, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.